



## বিএএফ শাহীন কলেজ বগুড়া

বারপুর, বগুড়া

### দরপত্র আহ্বান: ০২টি কম্পিউটার এবং ০৪টি মনিটর ক্রয়ের জন্য ঠিকাদার নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিমান বাহিনী কর্তৃক পরিচালিত বিএএফ শাহীন কলেজ বগুড়া'র জন্য ০২টি কম্পিউটার এবং ০৪ মনিটর ক্রয় করা হবে। এ লক্ষ্যে প্রকৃত আইটি যন্ত্রাংশ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাডে বন্ধ খামে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। নির্বাচিত ঠিকাদারকে প্রতিষ্ঠানের চাহিদা এবং শর্তাবলিতে বর্ণিত ব্রান্ড ও কনফিগারেশন অনুযায়ী কম্পিউটার ও মনিটর সরবরাহ করতে হবে। দক্ষ ও আর্থিকভাবে স্বচ্ছল আগ্রহী আইটি যন্ত্রাংশ সরবরাহকারী প্রতিষ্ঠান ১৯ এপ্রিল ২০২৬ তারিখ হতে ২৬ এপ্রিল ২০২৬ তারিখ ০৮০০ ঘ: হতে ১৪০০ ঘ: (কর্মদিবস) পর্যন্ত ২০০ টাকা প্রদান করে কলেজ অফিস হতে টেন্ডার ফরম (সিডিউল) সংগ্রহ করতে পারবেন। দরপত্রের সাথে নিজ প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নবর্ণিত দলিল পত্রাদি জমা দিতে হবে:

- ১। প্রতিষ্ঠানের নামে হালনাগাদ ট্রেড লাইসেন্স।
- ২। প্রতিষ্ঠানের মালিকের ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি অথবা বাংলাদেশী নাগরিকত্ব সনদপত্র এবং ০২ কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের সদ্য তোলা ছবি।

উক্ত দলিলাদি/সনদপত্রসহ পূরণকৃত দরপত্রের মূল কপি অধ্যক্ষ, বিএএফ শাহীন কলেজ বগুড়া- এর বরাবরে আগামী ২৭ এপ্রিল ২০২৬ তারিখ হতে ০৬ মে ২০২৬ তারিখ ১০০০ ঘটিকার মধ্যে বিএএফ শাহীন কলেজ বগুড়ায় রক্ষিত টেন্ডার বাক্সে জমা দেয়া যাবে। ০৬ মে ২০২৬ তারিখ ১২০০ ঘটিকার সময় বিএএফ শাহীন কলেজ বগুড়ায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা হবে। খামের উপর অবশ্যই আইটি যন্ত্রাংশ সরবরাহকারী ঠিকাদার কথাটি লিখতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল অথবা যে কোনো দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

অধ্যক্ষ

বিএএফ শাহীন কলেজ বগুড়া

দূরলাপনী: ০১৭৬৯৪০৫৫৯২/০১৩১৩৭২১২১৮



## বিএএফ শাহীন কলেজ বগুড়া ঠিকাদার নিয়োগের শর্তাবলী

- ১। প্রতিষ্ঠান কর্তৃক নির্বাচিত মডেল ও কনফিগারেশন অনুযায়ী ০২টি কম্পিউটার এবং ০৪টি মনিটর সরবরাহ করতে হবে। (কপি সংযুক্ত)
- ২। দরপত্র মূল্যায়নে প্রস্তুতকৃতব্য সম্ভাব্য পরিমাণের সহিত উদ্ধৃত দরের সমন্বয় করিয়া নিম্ন দরদাতা নির্ধারিত হবে।
- ৩। দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানকে সিডিউল ও শর্তাবলীর প্রতি পাতায় প্রাতিষ্ঠানিক সীলমোহরসহ দস্তখত করতঃ মূলকপি প্রদত্ত দরের সাথে জমা দিতে হবে।
- ৪। কর্তৃপক্ষের দেওয়া নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত কম্পিউটার ও মনিটর সরবরাহ করতে হবে।
- ৫। কম্পিউটার ও মনিটর সরবরাহ সংক্রান্ত যাবতীয় কর্মকাণ্ড যথাযথ সততার সহিত সম্পাদন করতে হবে। কোন মতপার্থক্য পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৬। Sub contract এর মাধ্যমে কার্য সমাধান করা যাবে না।
- ৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

অধ্যক্ষ  
১২/০৪/২১  
বিএএফ শাহীন কলেজ বগুড়া